

উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির সভার কার্য-বিবরণী

সভা নং ০১/২০২৪-২৫

তারিখ: ০৩/০৭/২০২৪ইং

সময়: সকাল: ১০:০০ ঘটিকা

সভার স্থান: উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, বাউফল, পটুয়াখালী।

উপস্থিত সদস্যদের নামের তালিকা:

ক্র: নং	উপস্থিত সদস্যগণের নাম	পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
১	মো: আনিছুর রহমান	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ	সভাপতি	স্বাক্ষরিত
২	মো: জাহিদুল ইসলাম	চেয়ারম্যান, বাউফল ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
৩	মো: মাহমুদ হাসান	চেয়ারম্যান, বগা ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
৪	মো: নেছার উদ্দিন জামাল	চেয়ারম্যান, কালিগুরী ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
৫	মো: মানিক হোসেন	উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বাউফল	সদস্য সচিব	স্বাক্ষরিত

আলোচ্য বিষয়:

১. দক্ষিণ হোসনাবাদ বালিকা দাখিল মাদ্রাসার একতলা ভবন নির্মাণ কাজ পরিদর্শন প্রসঙ্গে।

আলোচ্য বিষয়, আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ:

অধ্যকার সভা উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির সভাপতি ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাউফল, পটুয়াখালী এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার শুরুতেই সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সদস্য সচিব উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বাউফল, পটুয়াখালীকে আলোচ্য বিষয়গুলি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

সদস্য সচিব, উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি সভায় আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করে এজেডা ভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ জানান।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/ সুপারিশ	সময়সীমা ও দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি
১. দক্ষিণ হোসনাবাদ বালিকা দাখিল মাদ্রাসার একতলা ভবন নির্মাণ কাজ পরিদর্শন প্রসঙ্গে।	জাইকার অর্থায়নে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ-বছরে দক্ষিণ হোসনাবাদ বালিকা দাখিল মাদ্রাসার একতলা ভবন নির্মাণ কাজ পরিদর্শন পূর্বক শ্রেণিকক্ষ ব্যবহারের নিমিত্তে উন্মুক্ত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	আলোচনার প্রেক্ষিতে দক্ষিণ হোসনাবাদ বালিকা দাখিল মাদ্রাসার একতলা ভবন নির্মাণ কাজ চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার পরিদর্শন পূর্বক আগস্ট-২০২৪ মাসের মধ্যে খুলে দেয়ার প্রস্তাব গৃহীত হয়।	২০২৪-২৫ অর্থবছর। উপজেলা প্রকৌশলী

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: আনিছুর রহমান)

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও

সভাপতি

উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি

বাউফল, পটুয়াখালী